আহা,    তোমার সঙ্গে প্রাণের খেলা, প্রিয় আমার, ওগো প্রিয়—
বড়ো    উতলা আজ পরান আমার, খেলাতে হার মানবে কি ও ॥
কেবল  তুমিই কি গো এমনি ভাবে   রাঙিয়ে মোরে পালিয়ে যাবে।
তুমি    সাধ ক'রে, নাথ, ধরা দিয়ে আমারও রঙ বক্ষে নিয়ো—
এই      হৃৎকমলের রাঙা রেণু রাঙাবে ওই উত্তরীয় ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Style: Pilu-Tappa

Visit www.geetabitan.com for notation and other detail